

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd

স্মারক নং- ৩৭.০৫.০০০০.০১১.১৫.০০১.২০-৬ (ক)

তারিখ: ১৮ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ
০২ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ


বিষয় : APA'র ২য় কোয়ার্টারের ত্রৈমাসিক কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী।
সভার তারিখ : ০২ জানুয়ারি ২০২৪ খ্রি:
সময় : সকাল ১০.০০ টায়
স্থান : এনটিআরসিএ-এর সম্মেলন কক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সদস্য (প্রশাসন ও অর্থ) এনটিআরসিএ APA কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এবং এপিএ এর ফোকাল পয়েন্ট ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-এর ২য় কোয়ার্টারের অগ্রগতি এবং এনটিআরসিএ কর্তৃক APA এর কর্মসম্পাদন সূচকের মানের প্রকৃত অর্জন সভায় উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:-

আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১. সিলেবাস প্রণয়ন ও হালনাগাদ সংক্রান্ত	২০২৩-২০২৪ অর্থবছরে সিলেবাস প্রণয়ন ও হালনাগাদ করার জন্য মোট ৬টি সভা করতে হবে। জনবল কাঠামো ২০২১ অনুযায়ী নতুন সিলেবাস প্রণয়ন করার জন্য ৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। আগামী ৩০.০৩.২০২৪ তারিখের মধ্যে অবশিষ্ট ৩টি সভা করা প্রয়োজন।	সিলেবাস প্রণয়ন ও হালনাগাদ সম্পর্কিত অবশিষ্ট ৩টি সভা ৩য় কোয়ার্টারের মধ্যে করতে হবে।	শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান অনুবিভাগ, এনটিআরসিএ, ঢাকা
০২. প্রশাসনিক কার্যক্রমে স্বচ্ছতা ও দক্ষতা নিশ্চিতকরণ	সচিব, এনটিআরসিএ জানান, প্রশাসনিক কার্যক্রমে স্বচ্ছতা ও দক্ষতা নিশ্চিতকরণের জন্য এপিএ-এর সকল ত্রৈমাসিক রিপোর্ট যথাসময়ে ওয়েবসাইটে প্রকাশ করা দরকার। কর্মকর্তা এবং কর্মচারীদের ৬০ ঘন্টা প্রশিক্ষণের মধ্যে ১২ ঘন্টা সম্পন্ন করা হয়েছে। কর্মসম্পাদন সূচকের মান অর্জন করার লক্ষ্যে কর্মচারীদের বাকি ৪৮ ঘন্টা প্রশিক্ষণ প্রদান করা হবে। অত্র অফিসের এপিএ টিমের সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে। সভায় এনটিআরসিএ'র সামগ্রিক অফিসিয়াল কার্যক্রম ই-নথিতে সম্পন্ন করার জোর তাগিদ প্রদান করা হয়। মোট নথির শতকরা ৮৫ ভাগ কাজ ই-নথিতে সম্পন্ন করতে হবে।	বার্ষিক কর্মসম্পাদনের বিভিন্ন ক্ষেত্রে প্রশাসনিক কার্যক্রমে স্বচ্ছতা এবং দক্ষতা নিশ্চিত করতে হবে।	প্রশাসন ও অর্থ অনুবিভাগ, এনটিআরসিএ, ঢাকা।

<p>০৩. ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন পরিকল্পনা</p>	<p>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র সুশাসন ও সংস্কার বিষয়ে আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন পরিকল্পনায় এনটিআরসিএ কর্তৃক বেশ কয়েকটি উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পরীক্ষকদের ডাটা অনলাইনে আপডেটকরণ, তথ্য বাতায়নে বার্ষিক প্রতিবেদন, লিফলেট প্রকাশ নির্ধারিত সময়ের মধ্যে করা হবে। কর্মসম্পাদনের সূচকের মান ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন পরিকল্পনা অধিকাংশ ক্ষেত্রেই অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হবে।</p>	<p>ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে।</p>	<p>ইনোভেশন টিম, এনটিআরসিএ, ঢাকা।</p>
<p>০৪. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা।</p>	<p>উপপরিচালক (প্রশাসন ও অর্থ) জানান, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশলের অংশ হিসেবে নৈতিকতা কমিটির সভা নিয়মিতভাবে অনুষ্ঠিত হচ্ছে। এ পর্যন্ত ২টি নৈতিকতা কমিটির সভা হয়েছে। শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণও চলমান রয়েছে।</p>	<p>জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের উদ্দেশ্যসমূহ অব্যাহত রাখতে হবে।</p>	<p>জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি, এনটিআরসিএ, ঢাকা।</p>
<p>০৫. অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে আলোচনা</p>	<p>অভিযোগ প্রতিকার ব্যবস্থার ফোকাল পয়েন্ট ও অনিক জানান, সেবা প্রত্যাশীদের সেবা প্রদানে কোন রকমের গাফিলতির পরিপ্রেক্ষিতে যদি সেবা কার্যক্রম ব্যাহত হয় এবং কোন অভিযোগ আসে তবে সে ক্ষেত্রে এনটিআরসিএ কর্তৃপক্ষ তা আলোচনা করে প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করবে। যাতে সেবাগ্রহীতা তার অভিযোগের সুষ্ঠু সমাধান পান। ফোকাল পয়েন্ট জানান, অনলাইনে প্রাপ্ত সকল অভিযোগের প্রতিকার করা হয়েছে। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে ১২ ঘন্টার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অধিকাংশ ক্ষেত্রেই কর্মসম্পাদন সূচকে অর্জিত লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে।</p>	<p>অভিযোগ প্রতিকার বিষয়ে স্টেক হোল্ডারদের সাথে ধারাবাহিকভাবে মতবিনিময় সভা করতে হবে।</p>	<p>অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কমিটি, এনটিআরসিএ, ঢাকা।</p>

০২. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



 (এস এম মাসুদুর রহমান)
 সদস্য (প্রশাসন ও অর্থ)
 এনটিআরসিএ, ঢাকা।

বিতরণ: (সদয় অবগতি ও কার্যার্থে):

১৪. চেয়ারম্যান, এনটিআরসিএ, ঢাকা;

১৫. সদস্য, পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন, এনটিআরসিএ, ঢাকা;

১৬. পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), এনটিআরসিএ, ঢাকা;
১৭. পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), এনটিআরসিএ, ঢাকা;
১৮. উপপরিচালক (প্রশাসন ও অর্থ), এনটিআরসিএ, ঢাকা;
১৯. উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), এনটিআরসিএ, ঢাকা;
২০. সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-১), এনটিআরসিএ, ঢাকা;
২১. সহকারী পরিচালক, প্রশাসন (HRM), এনটিআরসিএ, ঢাকা;
২২. সহকারী পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান-২), এনটিআরসিএ, ঢাকা;
২৩. সহকারী পরিচালক (হিসাব ও নিরীক্ষা), এনটিআরসিএ, ঢাকা;
২৪. সহকারী পরিচালক (সমন্বয়, ক্রয় ও সেবা), এনটিআরসিএ, ঢাকা;
২৫. সহকারী পরিচালক (হি.নি) এনটিআরসিএ, ঢাকা;
২৬. সহকারী পরিচালক, প্রশাসন (সমন্বয়), এনটিআরসিএ, ঢাকা।



(মোঃ শাহীন আলম চৌধুরী)

উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)

এনটিআরসিএ, ঢাকা।

ফোনঃ ০২-৪১০৩০১২৯।